প্রকল্প পরিচালক (প্রঃপ্রঃ), ৪০০ মেঃওঃ ± ১০% কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, রাউজান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

এবং

সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০-৩০ জুন, ২০২১

# সূচিপত্র

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**উপক্রমণিকা**

সেকশন ১: বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ(Acronyms)

সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ,বাস্তবায়নকারী সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

## বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের প্রধান অর্জনসমূহ :**

২০০৯ সালের শুরুতেই বিদ্যুতের স্থাপিত ক্ষমতা ছিল ৪,৯৪২ মেগাওয়াট যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ২৩,৪৩৬ মেগাওয়াট (ক্যাপটিভ ও নবায়নযোগ্য জ্বালানি সহ)। এসময়ে মোট জনসংখ্যার ৪৭ শতাংশ থেকে ৯৭ শতাংশ বিদ্যুৎ সুবধির আওতায় এসেছে। অর্থাৎ জাতীয় অর্থনীতির প্রবৃদ্ধি অর্জনে বিদ্যুৎ খাতের অবস্থান সুস্পষ্ট। এ সমস্ত কার্যক্রমের আওতায় বিদ্যুৎ খাতে ২০১৮-১৯ অর্থ বছরে উৎপাদিত নেট বিদ্যুৎ ৭০,৫৩৩ মিলিয়ন কিলোওয়াট ঘণ্টা এবং এর বিপরীতে সরকারিখাতে ৩৫,১০৭ মিলিয়ন কিলোওয়াট ঘণ্টা (বিউবোর নিজস্ব মোট ৩১,০৮২ মিলিয়ন কিলোওয়াট ঘণ্টা) ও বেসরকারি খাতে মোট ৩৫,৪২৬ মিলিয়ন কিলোওয়াট ঘন্টা বিদ্যুৎ উৎপাদিত হয়। বিদ্যুৎ খাতের এ উন্নয়নের জন্য সরকারের সিদ্ধান্ত দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নে বিউবো'র গুরত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বর্তমানে সরকারি খাতে বিদ্যুতের স্থাপিত ক্ষমতা ৪৭%, বেসরকারি খাতে ৪৩%, জয়েন্ট ভেঞ্চার ৪% এবং বিদ্যুৎ আমদানীর পরমিাণ ৬%।

বিদ্যুৎ সমস্যার সমাধানের লক্ষ্যে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পাশাপাশি বিতরণ খাতে উন্নয়ন সাধিত হয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছর পর্যন্ত নির্মিত বিতরণ লাইনের পরিমাণ ৩২,৯৮৮ সার্কিট কিলোমিটার এবং উপকেন্দ্রসমূহের ক্ষমতা প্রায় ৩৯৭৮ এমভিএ-তে বৃদ্ধি পেয়েছে। নিরবচ্ছিন্নভাবে গ্রাহকদের মধ্যে বিদ্যুৎ বিতরণ ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির সাথে সাথে নতুন নতুন গ্রাহক সংযোগ প্রদানের লক্ষ্যে বিতরণ অবকাঠামোর উন্নয়ন, নির্মাণ ও সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করেছে।

তাছাড়া বিউবো'র বিতরণ সিস্টেম লস একটি গ্রহণযোগ্য পর্যায়ে নামিয়ে আনার জন্য বিউবো প্রতিশ্রুতিবদ্ধ। বিউবো'র বিতরণ লস ২০১৩-১৪ অর্থ বছরে ছিল ১১.৮৯%, ২০১৪-১৫ অর্থ বছরে ১১.১৭%, ২০১৫-২০১৬ অর্থ বছরে ১১.০১%, ২০১৬-১৭ র্অথবছরে ৯.২৭%, ২০১৭-১৮ র্অথবছরে ৮.০০% এবং ২০১৮-১৯ অর্থবছরে ৯.১৩% যা বর্তমান ২০১৯-২০ অর্থ বছরেও হ্রাস পেয়ে ৯.০১% হয়েছে। বিউবো'র সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে ধরে রাখার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বর্তমানে বিভিন্ন প্রজেক্টের অধীনে এবং নতুন সংযোগের মাধ্যমে বিউবো কর্তৃক এ যাবৎ সর্বমোট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের সংখ্যা ১২,৫৫,০০০ টি। ২০২০-২১ র্অথবছরে ১,৪০,০০০ টি প্রি-পেমেন্ট মিটার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### অর্পিত দায়িত্ব পালনে বোর্ডের চ্যালেঞ্জসমূহ

**বিভিন্ন সংস্থার সঙ্গে সমন্বয়ঃ**

১৯৭৭ সালে পল্লী বিদ্যুতায়ন বোর্ড গঠনের পূর্ব পর্যন্ত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) একক সংস্থা হিসেবে বিদ্যুৎ ব্যবস্থার দায়িত্বে নিয়োজিত ছিল। এর পর থেকে বিভিন্ন সময়ে সংস্কার কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে ডিপিডিসি, পিজিসিবি, ডেসকো, ওজোপাডিকো, এপিএসসিএল, ইজিসিবি ও নেসকো গঠিত হয়েছে। সংস্কার কার্যক্রম আওতায় ভবিষ্যতে আরো বিতরণ ও উৎপাদন কোম্পানী গঠনের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। গঠিত কোম্পানীসমূহ একক সংস্থা হিসেবে উৎপাদনের সাথে সামঞ্জস্য না রেখে বিদ্যুৎ ব্যবস্থা বৃদ্ধি করে যাচ্ছে। এছাড়াও বরাদ্দকৃত লোডের অতিরিক্ত লোড নেয়ার প্রবণতা দেখা যাচ্ছে। ফলে সিস্টেম পরিচালনায় সমস্যা হচ্ছে এবং সরকার/বিউবো'র ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। বিউবো সিঙ্গেল বায়ার হিসেবে বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন কোম্পানী, বেসরকারী খাতের আইপিপি ও রেন্টাল কোম্পানী থেকে বিদ্যুৎ ক্রয় করছে। সে সাথে বিউবো বিতরণ কোম্পানীসমূহের কাছে বিদ্যুৎ বিক্রি করছে।

**বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে অর্থায়নঃ**

দেশের বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়নে সরকারী খাতে নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ, পুরাতন বিদ্যুৎ কেন্দ্র রক্ষণাবেক্ষন ও পুনর্বাসন এবং বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষনের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে। সরকারি ও বেসরকারি খাতে পরিকল্পনাধীন বিদ্যুৎ উৎপাদন প্রকল্পসমূহে আগামী ২০২৫ সাল নাগাদ প্রায় ৩৩ বিলিয়ন মার্কিন ডলার অর্থায়নের প্রয়োজন হবে। প্রকল্প সমূহের অর্থায়ন নিশ্চিত করা একটি অন্যতম প্রধান চ্যালেঞ্জ। এ জন্য সরকারি এবং বেসরকারি বিনিয়োগ জরুরি।

**দক্ষ লোকবল সৃষ্টিঃ**

বর্তমানে সরকারের ভিশন এবং নির্বাচনী অঙ্গীকারকে সামনে রেখে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির জন্য নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র নির্মাণসহ পুরাতন বিদ্যুৎ কেন্দ্র রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন এবং সে সাথে বিতরণ লাইন, ট্রান্সফরমার, উপকেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকিকরণের লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে যা ২০২৫ সালের মধ্যে বাস্তবায়নের পরিকল্পনা করা হয়েছে। বিউবো'র অনুমোদিত সেট-আপ এবং উহার বিপরীতে বিদ্যুৎ উৎপাদন ও গ্রাহক সংখ্যা বৃদ্ধির পরিসংখ্যান বিবেচনা করলে দেখা যায় বিউবো'র এ সেট-আপ তুলনামূলকভাবে বৃদ্ধি করা হয়নি। বিউবো'র এ বিশাল কর্মকান্ড সীমিত সেট-আপের মাধ্যমেই পরিচালনা করা হচ্ছে। এমতাবস্থায়, বিউবো'র উৎপাদন ও বিতরণ কর্মকান্ড কাঙ্খিত পর্যায়ে নেয়ার লক্ষ্যে এবং গ্রাহকের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রত্যক্ষ ভূমিকা পালনে এ সেট-আপ বৃদ্ধি ও সেট-আপের বিপরীতে সরাসরি লোকবল নিয়োগ জরুরি হয়ে পড়েছে।

**ব্যয়ের সাথে সামঞ্জস্যহীন বিদ্যুতের মূল্যহারঃ**

বিউবো'কে একটি দক্ষ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরবরাহ ব্যয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ ট্যারিফ নির্ধারণ করা অত্যাবশ্যক। বিদ্যুতের মূল্যহার সব সময়েই বদ্যিুৎ উৎপাদন ও সরবরাহ ব্যয় অপেক্ষা কম মূল্যে নির্ধারণ করা হয়। ফলে বিউবো কখেনোই আর্থিক ভাবে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে পরিণত হতে পারেনি। ব্যয়ের তুলনায় আয় কম হওয়ায় এবং বিদ্যুতের মূল্য বৃদ্ধি না হওয়ায় বর্তমানে সরকার কর্তৃক বিউবোকে ঋণ দিচ্ছে। ফলে সরকারি ঋণের কিস্তির পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।

উল্লখ্যে যে, গ্রাম অঞ্চলে জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে বিউবো'র বিদ্যুৎ সরবরাহ ব্যয় অপেক্ষা বিউবো'র গ্রাহকের নিকট বিক্রয়কৃত বিদ্যুতের মূল্য অনেক কম ধার্য্য করা হয়। বিউবো'র এ আর্থিক ক্ষতির জন্য সরকার বিউবোকে কোন ভর্তুকি প্রদান করে না। এছাড়া আবাসিক, কৃষি ও ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানের বিদ্যুতের ট্যারিফ সরবরাহ ব্যয় অপেক্ষা অনেক কম। এ পরিস্থিতিতে বিদ্যুতের যৌক্তিক মূল্য বৃদ্ধি ব্যতিরেকে শুধুমাত্র সিস্টেম লস হ্রাস ও ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে বিউবো'র আর্থিক ক্ষতিপূরণ সম্ভব নয়। এ প্রেক্ষাপটে বিউবোকে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে পরিণত করা এবং ট্যারিফ জনিত লোকসানের হাত থেকে রক্ষার জন্য সরবরাহ ব্যয় অনুযায়ী বিদ্যুতের মূল্যহার বৃদ্ধি করা একান্ত প্রয়োজন।

**কোভিড-১৯ সংক্রান্ত চ্যালেঞ্জঃ**

জানুয়ারী'২০২০ হতে বাংলাদেশসহ বিশ্বব্যাপী নোভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের কারণে সরকার কর্তৃক ২৫ মার্চ হতে ঘোষিত সাধারণ ছুটির ফলে বিউবো'র সকল উন্নয়ন কর্মকান্ড এবং রাজস্ব আদায় বিঘ্নিত হচ্ছে। ফলে ২০১৯-২০ অর্থ বছরের এপিএ এর অনেকগুলো সূচকের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। তাছাড়াও ২০২০-২১ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জনেও কোভিড-১৯ একটি বড় ধরনের চ্যালেঞ্জ হিসাবে দেখা দিবে।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

মধ্যম আয়ের দেশ হিসাবে উন্নীত করণে বিদ্যুতের চাহিদা ক্রমান্বয়ে বেড়েই চলেছে। এ চাহিদা মোকাবিলার জন্য প্রতি বছর বিভিন্ন জ্বালানি ভিত্তিক নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়নরে পরিকল্পনা করা হয়েছে। পরিকল্পনা মোতাবেক বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা আগামী ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেঃওঃ এবং ২০৩০ সালে মধ্যে ৪০,০০০ মেঃওঃ করার লক্ষ্যে বিউবো পরিকল্পনা অনুযায়ী কাজ করে যাচ্ছে। এ পরিকল্পনাসমূহ বিউবোসহ সরকারি ও বেসরকারি খাতে বাস্তবায়তি হবে। ২০২০ সালের মধ্যে ঘরে ঘরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিউবো'র বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প চট্টগ্রাম/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট এর কার্যক্রম জোরালো ভাবে বাস্তবায়ন চলছে। বিতরণ খাতে সিষ্টেম লস হ্রাস ও রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে শতভাগ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

## ২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রা সমূহ:

- বিদ্যুতের উৎপাদন ক্ষমতা ১৩৫৪ মেগাওয়াট বৃদ্ধি;
- ১২০০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- বিতরণ সিষ্টেম লস সিঙ্গেল ডিজিটে অব্যাহত রাখা ;
- ১,৪০,০০০ টি প্রি-পেমেন্ট মিটার স্থাপন;
- দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান এবং
- প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত ৩৩ কেভি উপকেন্দ্র ১০০% এবং ১১ কেভি লাইন ২০০০ কিঃমিঃ, বিউবপ'র সকল গ্রাহক ও এলটি পোল GIS Mapping করণ।

বিউবো বিদ্যুৎ সেক্টরে প্রধান সমন্বয়কের ভূমিকা পালনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন কর্মকান্ডে ভূমিকা রাখছে।

# প্রস্তাবনা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক (প্রঃপ্রঃ), ৪০০ মেঃওঃ ± ১০% কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, রাউজান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

এবং

সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

## বিউবো'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### বিদ্যুৎ খাতঃ অগ্রগতি ও উন্নয়ন প্রসংগে

১.০ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুৎ অপরিহার্য। সরকার ২০২১ সালের মধ্যে দেশের সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা এবং পরবর্তীতে শিল্পোন্নত দেশ হিসেবে গড়ে তুলতে দৃঢ় প্রতিজ্ঞ। বিউবো ভিশন ও মিশন এবং কৌশলগত পরিকল্পনার মাধ্যমে সরকারের নির্দেশনা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে চলছে।

**১.১ ভিশনঃ**

দেশের সকল নাগরিকের জন্য নিরবচ্ছিন্ন, গুণগত ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা।

**১.২ মিশনঃ**

টেকসই উন্নয়নের জন্য বিদ্যুতের প্রবৃদ্ধি অব্যাহত ও গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

১) বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন;
২) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন;
৩) জনগনের আর্থ -সামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;
৪) নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবা নিশ্চিতকরণ ও
৫) প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।

**১.৪ কার্যাবলি (Functions)**

১) বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি;
২) বিদ্যুৎ কেন্দ্রসমূহরে দক্ষতা (Efficiency) বৃদ্ধি;
৩) বিতরণ লাইন নর্মাণ;
৪) উপকেন্দ্রের উন্নয়ন;
৫) সিষ্টেম লস হ্রাসকরণ;
৬) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিতকরণ;
৭) মানসম্মত বিদ্যুৎ ব্যবহার নিশ্চিতকরণ;
৮) নতুন বিদ্যুৎ সংযোগ;
৯) প্রি-পেইড মিটার স্থাপন;
১০) ওভারলোডেড ট্রান্সফরমার এর পরিমাণ কমানো;
১১) গ্রাহকসেবা নিশ্চিতকরণ;
১২) নেট মিটার স্থাপন;
১৩) প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নয়ন ও
১৪) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

## সেকশন-২

## বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদনের সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত দপ্তর/পরিদপ্তর/বিভাগ/সেল/ সমিতিসমূহের নাম | উপাত্তসূত্র (Sources of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১) বিদ্যুত উৎপাদন বৃদ্ধি | Public | মেঃ ওঃ | ৪০৭ | ৪৯৮ | ৫০৬ | ১১০ | ৫৬১ | বিউবো | মহাব্যবস্থাপকের দপ্তর, বাণিজ্যিক পরিচালন / প্রধান প্রকৌশলী (বিতরণ অঞ্চল) / তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প ও স সার্কেল) / প্রকল্প পরিচালক, বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প / কার্যক্রম পরিদপ্তর / প্রশিক্ষণ পরিদপ্তর / বিদ্যুৎ পরিকল্পনা পরিদপ্তর/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কঞ্জুমার এ্যাফেয়ার্স হতে প্রদত্ত প্রতিবেদন |
| | Private | | ১৯৭০ | ৯৩৮ | ৬৬৫ | ৫৮৩ | ২৮৩৩ | প্রাইভেট খাত | |
| ২) নতুন নতুন গ্রাহক সংযোগ প্রদানের মাধ্যমে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ | নতুন আবাসিক সংযোগ | সংখ্যা | ২,১৩,০৭৮ | ১৭৫৯১৫ | ১,৫০,০০০ | ১,৫০,০০০ | ১,৫০,০০০ | নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ) | |
| ৩) লাইন নির্মাণ করার মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সম্প্রসারণ | বিতরণ লাইন নির্মাণ | কিঃমিঃ | ২০১৭ | ২১৪৬.৫৫ | ১২০০ | ১৫০০ | ১৫০০ | প্রকল্প পরিচালক, বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প | |
| ৪) উপকেন্দ্র নির্মাণ ও ক্ষমতা বর্ধণের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ | উপকেন্দ্রের ক্ষমতা বর্ধিতকরণ | এমভিএ | ২৩৪.৬৫ | ৩৫৪.৩২ | ৩০০ | ২৫০ | ২৫০ | প্রকল্প পরিচালক, বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প | |
| ৫) বিতরণ ব্যবস্থার উন্নয়ন | সিস্টেম লস | % | ৯.১৩ | ৯.০১ | ৯.৮৭ | ৯.৮৭ | ৯.৮৬ | প্রধান প্রকৌশলী (বিতরণ অঞ্চল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প ও স সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ) | |
| ৬) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | SAIDI | মিনিট | ৭৪৭.৮০ | ৭৪৬.২৪ | ৭৫০ | ৭৫০ | ৭৫০ | বিক্রয় ও বিতরণ বিভাগ | |
| | SAIFI | সংখ্যা | ৪৯.৬৫ | ৪৮.৪২ | ৫০ | ৫০ | ৫০ | | |
| ৭) মানব সম্পদ উন্নয়ন | গড় প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ ঘন্টা | ৭১.৫১ | ৭০.৩৪ | ৩০ | ৭০ | ৭০ | প্রশিক্ষণ পরিদপ্তর | |

## সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি | ২২ | [১.১] প্রাতিষ্ঠানিক দক্ষতার উন্নয়ন (আর্থিক) | [১.১.১] বকেয়া হ্রাস | ক্রমপুঞ্জিভূত | সমমাস | ৩ | ২.৩৪ | ৩.০৩ | ২.৫০ | ২.৮০ | ২.৯০ | ২.৯৫ | ৩.০০ | ২.৭৫ | ২.৭৫ |
| | | | [১.১.২] দেনা পরিশোধ | ক্রমপুঞ্জিভূত | মাস | ৩ | ২.২৫ | ২.৫২ | ২.৪০ | ২.৬০ | ২.৬৫ | ২.৭০ | ২.৭৫ | ২.৪৫ | ২.৪০ |
| | | | [১.১.৩] বিল কালেকশন রেশিও | সমষ্টি | % | ৫ | ১০০.৩৮ | ৯১.৯২ | ৯৭.০০ | ৯৫.০০ | ৯৪.৮০ | ৯৪.৫০ | ৯৪.২৫ | ৯৫.০০ | ৯৫.০০ |
| | | | [১.১.৪] সরকারের ডিএসএল পরিশোধ | ক্রমপুঞ্জিভূত | টাকা | ২ | ১২২৪.৮৩ | ১৩৮০.৫৭ | ১২৫০ | ১২০০ | ১১৯০ | ১১৮০ | ১১৭০ | ১২৫০ | ১৩০০ |
| | | | [১.১.৫] কারেন্ট রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১ | ০.৯৫:০ | ১.০০৪:১ | ০.৯৪:১ | ০.৯৩:১ | ০.৯২:১ | ০.৯১:১ | ০.৯০:১ | ০.৯৫:১ | ০.৯৬:১ |
| | | | [১.১.৬] কুইক রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১ | ০.৯০:১ | ০.৯৫:১ | ০.৮৯:১ | ০.৮৭:১ | ০.৮৬:১ | ০.৮৫:১ | ০.৮৪:১ | ০.৯০:১ | ০.৯১:১ |
| | | | [১.১.৭] ডেট সার্ভিস কভারেজ রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১ | ১.৫২:১ | ১.৩৫:১ | ১:১ | ১.০১:১ | ১.০২:১ | ১.০৩:১ | ১.০৪:১ | ১:১ | ১:১ |
| | | [১.২] কারিগরি সক্ষমতার উন্নয়ন | [১.২.১] এডিপি বাস্তবায়ন (আর্থিক) | সমষ্টি | % | ২ | ৯৫.৯৮ | ৬৯.৮৪ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.২.২] ই জিপি টেন্ডারিং (১০০ কোটির নিচে) যা প্রযোজ্য | সমষ্টি | % | ২ | ১০০ | ৮৩.০৮ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.২.৩] ৩৩ কেভি সাবস্টেশন জিআইএস ম্যাপিং | সমষ্টি | % | ২ | ৫৬.৯১ | ৫০.৯৪ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৫০ | ৫০ |
| | | | [১.২.৪] বিতরণ লাইনের জিআইএস ম্যাপিং | সমষ্টি | কিঃমিঃ | ২ | ১০৫৩.০০ | ৩০৪৫.০০ | ২০০০ | ১৮০০ | ১৬০০ | ১৪০০ | ১২০০ | ২০০০ | ২০০০ |
| [২] বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন | ২০ | [২.১] বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি | [২.১.১] নতুন ক্ষমতা সংযোজন(সরকারি) | সমষ্টি | মেঃওঃ | ৫ | ৪০৭.০০ | ৪২৮.০০ | ৬৮৯ | ৫৮৯ | ৪৮৩ | ৩০৬ | | ১১০ | ৫৬১ |
| | | | [২.১.২] নতুন ক্ষমতা সংযোজন(বেসরকারি) | সমষ্টি | মেঃওঃ | ৫ | ১৯৭০.০০ | ৯০৪.০০ | ৬৬৫ | ৫৪৯ | ৪৯৪ | ৪০৯ | ৪৪৫ | ৫৮৩ | ২৮৩৩ |
| | | | [২.১.৩] LOI ইস্যু | সমষ্টি | সংখ্যা | ১ | | ৩ | ৩ | ২ | ১ | | | ২ | ৫ |
| | | [২.২] বিদ্যুৎ কেন্দ্রসমূহের দক্ষতা বৃদ্ধি | [২.২.১] এভেলাবিলিটি ফ্যাক্টর | সমষ্টি | % | ৩ | ৮৯.০০ | ৮৮.০০ | ৮৪ | ৮২ | ৮১ | ৮০ | ৭৯ | ৮৪ | ৮৪ |
| | | | [২.২.২] প্ল্যান্ট ফ্যাক্টর(বিপিডিবি'র নিজস্ব) | সমষ্টি | % | ২ | ৪৫.০০ | ৪১.০০ | ৪৪ | ৪২ | ৪০ | ৩৯ | ৩৮ | ৪৪ | ৪৪ |
| | | | [২.২.৩] অক্সিলিয়ারি কনসাম্পশন (বিপিডিবি'র নিজস্ব) | সমষ্টি | % | ২ | ৪.৩৯ | ৪.৭৯ | ৪.৮০ | ৪.৯০ | ৫.০০ | ৫.১০ | ৫.২০ | ৪.৮০ | ৪.৪০ |
| | | | [২.২.৪] হিট রেট(নেট)বিপিডিবি'র নিজস্ব | সমষ্টি | কিঃজুল/কিঃওঃঘণ্টা | ২ | ১০৯৯৬ | ১০৯৯৮ | ১১০০০ | ১১১০০ | ১১২০০ | ১১২৫০ | ১১৩০০ | ১১২০০ | ১১৮০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন | ১৪ | [৩.১] বিতরণ লাইন নির্মাণ | [৩.১.১] বিতরণ লাইন নির্মাণ | সমষ্টি | কি:মি: | ৫ | ২০১৭.০০ | ২১৪৬.৫৫ | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ১৫০০ | ১৫০০ |
| | | [৩.২] উপকেন্দ্রের উন্নয়ন | [৩.২.১] বিতরণ উপকেন্দ্র নির্মাণ/ ক্ষমতা বৃদ্ধি | সমষ্টি | এমভিএ | ২ | ২৩৪.৬৫ | ৩৫৪.৩২ | ৩০০ | ২৯০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২৫০ | ২৫০ |
| | | [৩.৩] সিস্টেম লস হ্রাস | [৩.৩.১] বিতরণ সিস্টেম লস | সমষ্টি | % | ৫ | ৯.১৩ | ৯.০১ | ৯.১০ | ৯.২০ | ৯.৩০ | ৯.৪০ | ৯.৫০ | ৯.৮৭ | ৯.৮৬ |
| | | [৩.৪] নেটমিটার স্থাপন | [৩.৪.১] নেট মিটার স্থাপন | সমষ্টি | সংখ্যা | ২ | ১০২ | ১০৩ | ২০ | ১৫ | ১২ | ১০ | ৮ | ২০ | ২৫ |
| [৪] নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবা নিশ্চিতকরণ | ১০ | [৪.১] নতুন সংযোগ | [৪.১.১] বাসগৃহে নতুন সংযোগ | সমষ্টি | সংখ্যা | ৩ | ২১৩০৭৮ | ১৭৫৯১৫ | ১৫০০০০ | ১৪০০০০ | ১৩০০০০ | ১০০০০০ | ৯০০০০ | ১৫০০০০ | ১৫০০০০ |
| | | [৪.২] প্রিপেইড মিটার স্থাপন | [৪.২.১] প্রিপেইড মিটার স্থাপন | সমষ্টি | সংখ্যা(লক্ষ) | ৩ | ২০০০২৫ | ১৫০২৯৮ | ১৪০০০০ | ১৩০০০০ | ১২০০০০ | ১১০০০০ | ১০০০০০ | ১৪০০০০ | ১৪০০০০ |
| | | [৪.৩] ওভারলোডেড ট্রান্সফরমার হ্রাসকরণ | [৪.৩.১] ওভারলোডেড ট্রান্সফরমার এর শতকরা হার | সমষ্টি | % | ২ | ০.৫৯৮ | ০.৬০ | ০.৫৮ | ০.৬৫ | ০.৭৫ | ০.৮৫ | ০.৯৫ | ০.৯০ | ০.৯০ |
| | | [৪.৪] গ্রাহক সন্তুষ্টি | [৪.৪.১] গণশুনানি | সমষ্টি | সংখ্যা | ২ | ৫৩২ | ৩১১ | ৩১৫ | ৩০০ | ২৮৫ | ২৭০ | ২৫৫ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৫] জনগণের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা | ৯ | [৫.১] নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | [৫.১.১] সিস্টেম অ্যাভারেজ ইন্টারেপশন ডিউরেশন ইনডেক্স (SAIDI) | সমষ্টি | মিনিট | ২ | ৭৪৭.৮০ | ৭৬৪.২৪ | ৭৫০ | ৮০০ | ৮৫০ | ৯০০ | ৯৫০ | ৭৫০ | ৭৫০ |
| | | | [৫.১.২] Automation of 11 Kv feeder to provide machine-generated data of SAIDI & SAIFI | সমষ্টি | % | ২ | | | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৩০ | ৪০ |
| | | | [৫.১.৩] সিস্টেম অ্যাভারেজ ইন্টারেপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স (SAIFI) | সমষ্টি | সংখ্যা | ১ | ৪৯.৬৫ | ৪৮.৪২ | ৫০ | ৫৫ | ৬০ | ৬৫ | ৭০ | ৫০ | ৫০ |
| | | [৫.২] মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | [৫.২.১] বিলিং পয়েন্ট এ পাওয়ার ফ্যাক্টর | সমষ্টি | % | ২ | ৯১.০৬ | ৯০.৯১ | ৯০ | - | - | - | - | ৯০ | ৯০ |
| | | | [৫.২.২] নেসকো(NESCO) এর সাথে Vendor Agreement স্বাক্ষর | তারিখ | তারিখ | ১ | | | ০১.০৬.২১ | ০৬.০৬.২১ | ১২.০৬.২১ | ১৮.০৬.২১ | ২৪.০৬.২১ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

সেকশন-৪

## বিউবো'র আওতাধীন দপ্তরের কার্যক্রমের লক্ষ্যমাত্রা

| ক্রমিক নং | কর্মসম্পাদনসূচক | একক (Unit) | কর্মসম্পাদনসূচকের মান(Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| **বিআরসি আদেশ নম্বরঃ ২০২০/০২; তারিখঃ ২৭ ফেব্রুয়ারি ২০২০ মোতাবেক (ক্রমিক নম্বর ১ নং)** | | | | | | | | |
| ১ | বিউবো'র বৃহৎ উন্নয়ন প্রকল্পের বিশদ বিবরণ, আওতাধীন এলাকা, ব্যয়, অর্থায়নের উৎস, বাস্তবায়নকাল ইত্যাদি তথ্য সাইন বোর্ডের মাধ্যমে স্থানীয় জনগণকে অবহিত করবে। | % | | ১০০ | | | | |
| অন্যান্যঃ | | | | | | | | |
| ২ | কেন্দ্রীয় ভান্ডর, বিউবো, টঙ্গী/ফৌজদারহাট আধুনিকায়ন করণ পুরাতন অপ্রয়োজনীয় মালামাল অপসারণ /নিলাম প্রদান করতে হবে। | তারিখ | | জুন'২১ | | | | |
| ৩ | কেন্দ্রীয় সরঞ্জাম মেরামত কারখানা, বিউবো, টঙ্গী আধুনিকায়ন এবং পুরাতন অপ্রয়োজনীয় মালামাল ও যন্ত্রপাতি অপসারণ / নিলাম প্রদান করতে হবে। | তারিখ | | জুন'২১ | | | | |

আমি, প্রকল্প পরিচালক (প্রঃপ্রঃ), ৪০০ মেঃওঃ ± ১০% কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, রাউজান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর প্রতিনিধি হিসাবে প্রকল্প পরিচালক (প্রঃপ্রঃ), ৪০০ মেঃওঃ ± ১০% কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, রাউজান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................. <br> প্রকল্প পরিচালক (প্রঃপ্রঃ) <br> ৪০০ মেঃওঃ ± ১০% কম্বাইন্ড সাইকেল <br> বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, রাউজান <br> বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | ..................................... <br> তারিখ ৩০-০৭-২০২০ |
| ৩০.০৭.২০২০ <br> ............................................. <br> সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) <br> বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | ..................................... <br> তারিখ ৩০.০৭.২০২০ |

## শব্দসংক্ষেপ
## (Acronyms)

| | |
|---|---|
| বিউবো | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| বিআরইবি | বাংলাদেশ রুরাল ইকেক্ট্রিফিকেশন বোর্ড |
| ডিপিডিসি | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ডেসকো | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ওজোপাডিকো | ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| নেসকো | নর্দান ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| এপিএসসিএল | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড |
| ইজিসিবি | ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| আরপিসিএল | রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড |
| নেসকো | নর্দান ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| এমওডি | মান্থলি অপারেশন ডাটা |
| এমভিএ | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| এমএমসিএফডি | মিলিয়ন কিউবিক ফিট পার ডে |
| ইএসিইআই | ইলেকট্রিক্যাল এডভাইজার এন্ড চিফ ইলেকট্রিক ইন্সপেকটর |
| জিআইএস | গ্লোবাল ইনফরমেশন সিস্টেম |
| এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| E-GP | ইলেক্ট্রনিক জেনারেল প্রকিউরমেন্ট |
| DSL | ডেব্ট সার্ভিস লায়াবিলিটি |
| SAIDI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |
| SAIFI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স |
| SDG | Strategic Development Goal |
| NIS | National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| ই-সেবা | ইলেক্ট্রনিক সার্ভিস |
| LOI | Letter of Intend |
| FGMO | Free Governor Mode of Operation |

## সংযোজনী-২ :কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমুহ | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | নতুন ক্ষমতা সংযোজন | সরকারি ও বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বিউবো/প্রাইভেট | | |
| ২ | ক্ষমতা বর্ধিতকরণ | পুরাতন ও জরাজীর্ণ বিদ্যুৎ কেন্দ্রসমূহের সংস্কারের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বিউবো | | |
| ৩ | বিতরণ লাইন সংযোজন | জনগণের নিকট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিতরণ লাইন নির্মাণ | বিউবো | | |
| ৪ | বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | জাতীয় গ্রিড থেকে সরবরাহকৃত বিদ্যুৎ জনগণের নিকট পৌছানোর লক্ষ্যে বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | বিউবো | | |
| ৫ | সিস্টেম লস হ্রাস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিদ্যুৎ সংস্থা/কোম্পানিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | বিউবো | | |
| ৬ | প্রি-পেইড মিটার স্থাপন | গ্রাহকের বিদ্যুৎ বিল পরিশোধে ভোগান্তি হ্রাস ও রাজস্ব আদায় নিশ্চিতকরণ ও এনার্জি সাশ্রয়ের লক্ষ্যে প্রি-পেমেন্ট মিটার স্থাপন বৃদ্ধি | বিউবো | | |
| ৭ | বকেয়া | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বিদ্যুৎ সংস্থা/কোম্পানি সমূহে বকেয়া হ্রাসকরণ | বিউবো | | |
| ৮ | নতুন বিদ্যুৎ সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | বিউবো | | |
| ৯ | গড় প্রশিক্ষণ প্রদান | বিদ্যুৎখাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান | বিউবো | | |
| ১০ | SAIDI & SAIFI | নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা। | বিউবো | | |
| ১১ | GIS Mapping of ৩৩KV Substations & Distribution Lines | প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি | বিউবো | | |

## সংযোজনী-৩ :কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের উপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| জ্বালানি বিভাগ | পেট্রোবাংলা | উৎপাদন বৃদ্ধি | প্রাকৃতিক গ্যাস | বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানি | ১৬২০ এমএমসিএফডি | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| জ্বালানি বিভাগ | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন | উৎপাদন বৃদ্ধি | তরল জ্বালানি | ঐ | ৪,৫০,০০০ মেট্রিক টন | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |